**জনতা ব্যাংক লিমিটেড**
প্রধান কার্যালয়, ঢাকা।

হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট
ফোন: ০২-৯৫৫২০৭৮, ০২-৫৫১১০০০০

নির্দেশ বিজ্ঞপ্তি নং- ৯৩৪/২০২০

তারিখ: ২৩ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ
০৯ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও অ্যান্ড এমডি এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

**বিষয়: করোনাভাইরাসের প্রাদুর্ভাব প্রতিরোধে করণীয় প্রসঙ্গে।**

করোনাভাইরাসের প্রাদুর্ভাব প্রতিরোধে সরকার কর্তৃক বিভিন্ন নির্দেশনা ইতোমধ্যে প্রদান করা হয়েছে এবং প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রয়েছে। বাংলাদেশের মতো জনবহুল ও ঘনবসতিপূর্ণ দেশে নভেল করোনাভাইরাসের কমিউনিটি ট্রান্সমিশন (সামাজিকভাবে একজন থেকে আরেকজনে ছড়িয়ে পড়া) প্রতিরোধ করা এখন অন্যতম বড় চ্যালেঞ্জ। ব্যাংকিং সেবা ও কার্যক্রমসমূহের বৈশিষ্ট্য (mode of operation) বিবেচনায় এ খাত করোনাভাইরাসের কমিউনিটি ট্রান্সমিশনের ক্ষেত্রে অত্যন্ত সংবেদনশীল। এ পর্যায়ে, করোনাভাইরাসের প্রাদুর্ভাব এবং বিশেষত এর কমিউনিটি ট্রান্সমিশন ঠেকাতে ব্যাংকগুলোকে প্রয়োজনীয় নির্দেশনাসমূহ অনুসরণ করে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিআরপিডি সার্কুলার নং- ০৫, তারিখ: ২২.০৩.২০২০ এর মাধ্যমে পরামর্শ প্রদান করা হয়েছে।

০১) ব্যাংকের নিম্নবর্ণিত নির্বাহীগণের সমন্বয়ে ০৮ (আট) সদস্য বিশিষ্ট একটি 'কেন্দ্রীয় কুইক রেসপন্স টিম' গঠন করা হয়েছে:

| ক্রম | পদবি | কমিটির পদবি |
|---|---|---|
| ০১ | ডিএমডি, এইচআর | সভাপতি |
| ০২ | জিএম, আইসিটি ডিভিশন | সদস্য |
| ০৩ | জিএম, বিডিএম অ্যান্ড ল' ডিভিশন | সদস্য |
| ০৪ | জিএম, এইচআর/এস্টেট অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ডিভিশন | সদস্য |
| ০৫ | ডিজিএম, এস্টেট ডিপার্টমেন্ট | সদস্য |
| ০৬ | চিফ মেডিকেল অফিসার | সদস্য |
| ০৭ | চিফ সিকিউরিটি অফিসার | সদস্য |
| ০৮ | ডিজিএম, এইচআরডিডি | সদস্য সচিব |

কেন্দ্রীয় কুইক রেসপন্স টিমের সকল সদস্যের নাম, পদবি ও মোবাইল নম্বরসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ব্যাংকের ওয়েবসাইটে রয়েছে।

উপর্যুক্ত কমিটি পরিবর্তিত পরিস্থিতিতে ব্যাংকের পক্ষ থেকে দ্রুততম সময়ের মধ্যে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে। একইভাবে প্রতিটি স্পেশাল কর্পোরেট শাখা, বিভাগীয় কার্যালয় এবং এরিয়া অফিসেও স্থানীয়ভাবে ন্যূনতম ০৩ (তিন) সদস্যবিশিষ্ট 'কুইক রেসপন্স টিম' গঠন করতে হবে। মাঠ পর্যায়ের কোনো অফিসের আওতায় বিশেষ কোনো সিদ্ধান্তের প্রয়োজন হলে উক্ত 'কুইক রেসপন্স টিম' দ্রুততম সময়ের মধ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে এবং প্রয়োজনে 'কেন্দ্রীয় কুইক রেসপন্স টিম' এর সাথে তাৎক্ষণিক আলাপ আলোচনার মাধ্যমে সমস্যার সমাধান করবে।

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য

**বিষয়: করোনাভাইরাসের প্রাদুর্ভাব প্রতিরোধে করণীয় প্রসঙ্গে।**

২) ব্যাংকের সংশ্লিষ্ট ডিপার্টমেন্টসমূহ জরুরি ব্যাংকিং সেবার তালিকা প্রস্তুত করবে এবং বিশেষ পরিস্থিতিতেও যাতে এরূপ সেবা প্রদানে বিঘ্ন সৃষ্টি না হয় সে লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

৩) ব্যাংকের গ্রাহক/সেবা গ্রহীতাগণ যাতে ব্যাংকের কার্যালয়ে/শাখায় সশরীরে উপস্থিত না হয়েই তাদের কাঙ্ক্ষিত সেবা গ্রহণ করতে পারে সে লক্ষ্যে 'অন-লাইন সেবা' আরো জোরদার করতে হবে। ব্যাংকের গ্রাহকগণের মোবাইল/ইন্টারনেট ব্যাংকিং-এ উৎসাহিত করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। যে সকল ব্যাংকিং সেবা ব্যাংকের হটলাইন/কল সেন্টার থেকে দেয়া সম্ভব, সে সকল সেবাসমূহ উক্ত মাধ্যমেই প্রদান করতে হবে। ব্যাংকিং সেবা গ্রহণের ক্ষেত্রে গ্রাহককে প্রাথমিকভাবে ব্যাংকের হটলাইন/কল সেন্টারে যোগাযোগ করার অনুরোধ করাসহ ব্যাংকের হটলাইন/কল সেন্টারের মাধ্যমে প্রদেয় সেবার তালিকা এসএমএস-এর মাধ্যমে গ্রাহককে অবহিত করতে হবে এবং বিস্তারিত ব্যাংকের ওয়েবসাইটে ও প্রতিটি শাখায় সহজে দৃষ্টিগোচর হয় এরূপ স্থানে প্রদর্শন করতে হবে। হটলাইন/কল সেন্টারে প্রয়োজনীয় সংখ্যক ব্যাংকের কর্মকর্তা নিয়োজিত করতে হবে।

৪) ব্যাংকের সকল নির্বাহী, কর্মকর্তা, কর্মচারীর কর্মপরিধি ন্যূনতম ২টি সেট (Mutually Exclusive and Supplementary Set)-এ বিভক্ত করে সাপ্তাহিকভিত্তিতে রেশনিং/রোস্টারিং-এর মাধ্যমে অফিসের কার্যাবলি সম্পন্ন করতে হবে। গ্রাহকের কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তিতে যাতে কোনো বিঘ্ন সৃষ্টি না হয় সে বিষয়টি বিবেচনায় নিয়ে এরূপ রেশনিং/রোস্টারিং করতে হবে। তবে যে সকল নির্বাহী/কর্মকর্তা/কর্মচারী অবস্থান করবেন, তারা আবশ্যিকভাবে নিজ রেশনিং/রোস্টারিং-এর আওতায় নিজ গৃহ থেকে যথাসম্ভব অফিসের কাজে নিয়োজিত থাকবেন এবং জরুরি প্রয়োজনে কর্মস্থলে যোগদানের জন্য সর্বদা প্রস্তুত থাকবেন। উল্লেখ্য, এ নির্দেশনা ব্যাংকের ঊর্ধ্বতন নির্বাহীসহ সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৫) করোনাভাইরাসের প্রতি সংবেদনশীল ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের তালিকা নিয়মিত হালনাগাদ করতে হবে। ব্যাংকের কোনো নির্বাহী/কর্মকতা/কর্মচারীর মধ্যে করোনাভাইরাসে সংক্রমিত হওয়ার লক্ষণ পরিলক্ষিত হলে ব্যাংক কর্তৃপক্ষ যথাশীঘ্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ব্যাংকে কর্মরত কোনো নির্বাহী/কর্মকর্তা/কর্মচারী অথবা পরিবারের কোনো সদস্য করোনাভাইরাসে আক্রান্ত হলে বা করোনা আক্রান্তের কোনো লক্ষণ দেখা দিলে বা কোনো কারণে করোনা আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে আসার ঘটনা ঘটলে তাকে মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে বাধ্যতামূলকভাবে কোয়ারেন্টিন ছুটি হিসেবে ১৪ দিনের বিশেষ ছুটি প্রদান করতে হবে। এই প্রকার ছুটি 'ছুটি হিসাব' হতে ডেবিট করা যাবে না এবং ছুটিকালকে কর্মকাল হিসেবে গণ্য করে সংশ্লিষ্ট নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীকে স্বাভাবিক নিয়মানুসারে বেতন-ভাতাদি প্রদান করতে হবে।

৬) জরুরি প্রয়োজন ব্যতীত কোনো সভা-সেমিনারের আয়োজন যথাসম্ভব পরিহার করতে হবে। তবে জরুরি প্রয়োজনে সভার আয়োজন করতে হলে সভার প্রটোকল সংক্রান্ত WHO-এর গাইডলাইন অনুসরণীয় হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত নিজ কার্যালয় হতে অপর কোনো কার্যালয়ে/স্থানে গমন করা যাবে না। এ ছাড়া কোনো সভা-সেমিনারে অংশগ্রহণ বা অফিস/ব্যক্তিগত কোনো কাজে বর্তমান পরিস্থিতিতে দেশের বাইরে গমন করা যাবে না।

৭) বিভিন্ন অফিস/দপ্তর হতে চিঠিপত্র/দলিল-দস্তাবেজ নিয়ে আগত বহিরাগত ব্যক্তিদের ব্যাংকের ভিতরে গমনাগমনে নিরুৎসাহিত করার লক্ষ্যে ব্যাংকের স্ব-স্ব শাখা, কার্যালয়ের নির্দিষ্ট স্থানে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির মাধ্যমে চিঠিপত্র গ্রহণ ও বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৮) ব্যাংকের শাখাসহ সকল কার্যালয়ের অভ্যন্তরে প্রবেশস্থানে করোনাভাইরাসে আক্রান্ত রোগী সনাক্তকরণের লক্ষ্যে প্রয়োজনীয় সরঞ্জামের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য

৯) ব্যাংকের শাখাসহ সকল কার্যালয়ের অভ্যন্তরে চলাচলের পথ, দরজার হাতল, লিফ্‌ট ও অন্যান্য যেসব স্থানে হাতের স্পর্শ লাগতে পারে সেসব স্থান কর্মদিবস শুরুর পূর্বে, পরে এবং কর্মদিবসে প্রতি ০১(এক) ঘন্টা পর পর নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন (Sterilize) করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০) ব্যাংকের শাখাসহ সকল কার্যালয়ের প্রতিটি ফ্লোরে/বিভাগে পর্যাপ্ত সংখ্যক হ্যান্ড স্যানিটাইজার (Hand Sanitizer), ঢাকনাযুক্ত ডাস্টবিন ও টিস্যু পেপার রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১১) শিশু দিবা-যত্ন কেন্দ্র/ডে-কেয়ার (যদি থাকে) নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ Sterilize করতে হবে। এ ছাড়া পরিচালনার দায়িত্বে নিয়োজিত নির্বাহী/কর্মকর্তা/কর্মচারিগণকে সার্বক্ষণিক হ্যান্ড স্যানিটাইজারের ব্যবহারসহ হ্যান্ড গ্লাভস, মাস্ক ও প্রতিরোধমূলক পোষাক পরিধান করতে হবে।

১২) ব্যাংকের মুদ্রা বিনিময়, স্থানান্তর এবং Sorting-এর জন্য নির্দিষ্ট স্থান বরাদ্দ রাখতে হবে এবং উক্ত স্থান/স্থানসমূহ Sterilize নিশ্চিত করতে হবে।

১৩) ব্যাংকিং কার্যক্রম ব্যতীত দর্শনার্থী/সাক্ষাৎ প্রার্থীদের ব্যাংকে আগমন নিরুৎসাহিত করতে হবে। ব্যাংকে উপস্থিত সকলের মধ্যে যাতে নির্দিষ্ট দূরত্ব (WHO-এর গাইডলাইন অনুযায়ী) বজায় থাকে সে বিষয়টি নিশ্চিত করতে হবে।

১৪) ব্যাংকের সকল প্রকার সেলস্/মার্কেটিং কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার উৎসাহিত করতে হবে।

১৫) করোনাভাইরাস প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্বাস্থ্য মন্ত্রণালয়, WHO ও IEDCR কর্তৃক প্রণীত নির্দেশনাসমূহ একীভূত করে 'করোনা ভাইরাস প্রতিরোধমূলক ব্যবস্থায় করণীয়' বিষয়ে লিফলেট/পোস্টার তৈরি করে তা ব্যাংকের শাখা, এরিয়া অফিস, বিভাগীয় কার্যালয়, প্রধান কার্যালয়ের প্রতিটি ফ্লোরে সহজেই দৃষ্টিগোচর হয় এমন স্থানে স্থাপন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালিত হচ্ছে কি-না তা নিয়মিতভাবে তদারকি করতে হবে।

১৬) ব্যাংকের সান্ধ্যকালীন এবং সপ্তাহ অন্তের (শুক্রবার ও শনিবার) সকল কার্যক্রম বন্ধ থাকবে।

এ নির্দেশ বিজ্ঞপ্তির নির্দেশনাসমূহ ব্যাংকের সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট/অফিস/শাখা কর্তৃক স্ব-উদ্যোগে যথাযথ অনুসরণের জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অনুরোধ করা যাচ্ছে।

এ নির্দেশ বিজ্ঞপ্তি অবিলম্বে কার্যকর হবে যা পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বহাল থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

মোস্তফা ছাইফুল হক
উপমহাব্যবস্থাপক

মোঃ আহ্‌সান উল্লাহ্
মহাব্যবস্থাপক